দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 SEP 1992 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৩ ...

# মেধা বিচারের জন্য পরীক্ষা পদ্ধতি

পূর্ব প্রকাশিতের পর

৪। সকল বিষয়ের প্রশ্ন সম্বলিত খাতাসমূহ বোর্ডকর্তৃক ছাপানোর পরও জিলা শিক্ষা অফিসার ও থানা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে পরীক্ষার ২/৩ দিন পূর্বে থানায় জমা করবে এবং পরীক্ষার দিন সকালে থানা থেকে কেন্দ্রের বিশেষ প্রহরাধীনে (HALL SUPDT/ H. MASTER)-এর কাছে সমর্পণ করা হবে।

৫। ক্যাডেট কলেজ ও অন্যান্য আবাশিক বা পাবলিক স্কুল/কলেজের ছাত্র-ছাত্রীদের পরীক্ষা কেন্দ্রে অবশ্যই ভিন্ন/অন্য শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হতে হবে।

ঘ). প্রশ্নপত্র ও মান বন্টনঃ

১। প্রত্যেকটি বিষয়ের উপর ১০০ নম্বরের পরীক্ষা হবে।

২। নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্ন ও উত্তর বোর্ড প্রেরীত একই খাতার মধ্যে থাকতে হবে। অর্থাৎ প্রত্যেক প্রশ্নের নীচে উত্তরের জন্য খালি জায়গা থাকবে। যে সকল প্রশ্ন উত্তরের জন্য ছবি আঁকতে হবে তৎজন্যও সেই অনুপাতে খালি জায়গা থাকবে। কাজেই- *আলাদা কোন প্রশ্ন পত্র ছাপানো প্রয়োজন নেই।*

৩। সাধারণতঃ অংক ব্যতীত সব বিষয়ের উপর নীচের মান অনুসারে নম্বর বর্ন্টন হবেঃ (ক) রচনামূলক প্রশ্ন— ৫০ নম্বর (পাস নম্বর ১৫)। (খ) নৈর্ব্যক্তিক বা অবজেকটিভ— ২৫ নম্বর (পাস নম্বর ১০)। (গ) বাড়ীর কাজ ও শ্রেণী পরীক্ষা— ২৫ নম্বর (পাস নম্বর ১৫)।

অংক বিষয়ের উপর কোন নৈর্ব্যক্তিক থাকবে না। ৭৫ নম্বরের উপর সে বিষয়ে পরীক্ষা হবে।

উপরোল্লেখিত ৭৫ (ক + খ) নম্বরের প্রশ্ন অবশ্যই উভয়ের খাতায় সন্নিবেশিত থাকতে হবে। অবশিষ্ঠ ২৫ নম্বর শ্রেণীর বিষয় শিক্ষকের হাতে থাকবে। তিনি বছরের ১০ মাসে (ফেব্রুয়ারী হতে নভেম্বর) ১০টি শ্রেণী পরীক্ষা (MONTHLY CLASS TEST) নিবেন। এই ১০টি শ্রেণী পরীক্ষার শীট বছরশেষে বোর্ড পরীক্ষার খাতার সাথে অবশ্যই পাঠাতে হবে। এখানে ১০টি শ্রেণী পরীক্ষার জন্য ১৫ নম্বর ও বাড়ীর কাজ/ বাস্তব পরীক্ষার জন্য ১০ নম্বর থাকবে।

৪। 'এ' গ্রেড প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের খাতাসমূহ বোর্ডের বিশেষ পরীক্ষক দ্বারা পুনঃ নিরীক্ষা (CHECK) করাতে হবে।

৫। অবজেকটিভ প্রশ্নগুলোর জন্য কোন নির্ধারিত প্রশ্ন থাকবে না। প্রশ্নকর্তার ইচ্ছানুসারে সিলেবাসের মধ্য হতে ২৫টি প্রশ্ন করবে।

৬। প্রতিটি বিষয়ের প্রত্যেক স্তরে পা করতে হবে অর্থাৎ রচনামূলক, নৈর্ব্যক্তিক ও শ্রেণীর পরীক্ষায় পৃথক পৃথকভাবে সর্বনিম্ন পাসের নাম্বার পেতে হবে।

এখন আমি প্রতিটি বিষয়ের উপর প্রশ্নপত্র করার জন্য সংক্ষিপ্ত দিক নির্দেশনার উপর আলোকপাত করছি।

ইংরেজী ১ম পত্র
——————————৭৫ নম্বর
বাংলা ১ম পত্র

— নৈব্যক্তিক ২৫টি প্রশ্ন সিলেবাসের মধ্য থেকে প্রশ্নকর্তার ইচ্ছানুযায়ী হবে।

— প্রত্যেক চেপ্টার, অধ্যায় ও অনুচ্ছেদ থেকে প্রশ্ন থাকতে হবে। সিলেবাসের প্রত্যেক গদ্য ও পদ্য থেকে অবশ্যই প্রশ্ন থাকবে (দ্রুতপঠনসহ)

— প্রতিটি প্রশ্ন সংক্ষিপ্ত উত্তরের জন্য অর্থাৎ ২/৩ বাক্যের উত্তরের মধ্যে সীমিত থাকবে। এভাবে ১৫-২০টি প্রশ্ন থাকতে পারে।

— এখানে শব্দার্থসহ বাক্যরচনার একটি প্রশ্ন অবশ্যই থাকবে।

ইংরেজী ২য় পত্র
——————————৭৫ নম্বর
বাংলা ২য় পত্র

নৈর্ব্যক্তিক ২৫টি প্রশ্ন সিলেবাসের মধ্য থেকে প্রশ্নকর্তার ইচ্ছানুযায়ী হবে।

— গ্রামার ও ব্যাকরণের জন্য ২০/২৫ নম্বর অবশ্যই নির্ধারিত থাকবে। তন্মধ্যে নবম ও দশম শ্রেণীর উভয় পরীক্ষায় কয়েকটি অধ্যায় যেমন (TENSE, NARATION) ইত্যাদি সাধারণ থাকতে পারে।

— বিবরণমূলক রচনা লিখা বন্ধ/বাদ দিয়ে শুধুমাত্র ২টি বিষয়ের উপর ২টি অনুচ্ছেদ লিখতে পারে যেমন— নৌকা ভ্রমণের একটি সূত্র এবং টাকার আত্মকাহিনীর একটি সূত্র লিখবে। এ ক্ষেত্রে নবম শ্রেণীতে ২০টি রচনা ও দশম শ্রেণীতে ২০টি রচনা নির্ধারিতভাবে সিলেবাসভুক্ত থাকবে।

— বাংলা বা ইংরেজী অনুবাদ অবশ্যই থাকতে হবে। নবম শ্রেণীতে শুধুমাত্র (DETACHED) বাক্য এবং দশম শ্রেণীতে শুধুমাত্র PASSAGE থাকতে পারে।

(৩) অংক ঃ ৭৭৭৭৭৭৭৭৭৫ *নাম্বার*

— পাটি গণিত ও জ্যামিতি প্রত্যেক প্রশ্নে ২টি অংশ থাকবে। প্রথত অংশ বিবরণমূলক সংক্ষিপ্ত প্রশ্ন ও ২য় অংশ মূল অংক বা সম্পাদ্য উপপাদ্য।

(৪) *অন্যান্য বিষয় ঃ ৭৫ নাম্বার*

— নৈর্ব্যক্তিক ২৫টি প্রশ্ন সিলেবাসের মধ্য থেকে প্রশ্নকর্তার ইচ্ছানুযায়ী হবে।

— যে সকল প্রশ্নে ছবি আঁকা প্রয়োজন সে সকল প্রশ্নোত্তরে ছবির জন্য পৃথক নম্বর নির্ধারিত থাকতে হবে।

— সব অধ্যায় ও অনুচ্ছেদ থেকে সংক্ষিপ্ত উত্তরের জন্য ১৫-২৫টি প্রশ্নের জন্য ৫০ নম্বর বন্টন হবে।

— বিজ্ঞান বিভাগের ছাত্র/ছাত্রীদের প্রাক্টিক্যাল টেস্টের জন্য যেভাবে ১০ নম্বর থাকবে, গ্রার্হস্থ্য বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, কারিগরী বিভাগের ছাত্র-ছাত্রীরাও অনুরূপভাবে প্রাকটিক্যাল টেস্ট-এর নম্বর পাবে এই অভিমতকে বাস্তবে রূপ দেওয়ার জন্য সচেতন শিক্ষিত সমাজের সুসমালোচনা কামনা করছি।

আলহাজ্ব মোঃ জহুরুল মওলা